


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



নং-৪৬.৪২.৩৩০০.০০০.১৪.০০৪.১৫. ৪০২

তারিখঃ ২০ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ  
০২ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : ২০১৬-২০১৭ অর্থ বছরে গাজীপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ গাজীপুর জেলা পরিষদের স্মারক নং-গাজেপ/প্রশা/রাজস্ব-১৪৮/২০১৬-১৭/১৫(সং), তারিখঃ ২৩/১/২০১৭।

২০১৬-২০১৭ অর্থ বছরে গাজীপুর জেলা পরিষদের রাজস্ব বাজেটের ঐচ্ছিক কার্যাবলীর আওতায় শিক্ষা খাতের “শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন” এবং শিক্ষা উন্নয়নের সহায়ক অন্যান্য ব্যবস্থা গ্রহণ উপখাতের আওতায় ৯৬,০০,০০০/- (ছিয়ানব্বই লক্ষ) টাকায় ৫৪ টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-২৯ এ বর্ণিত প্রকল্পটি ব্যতীত ৯৫,০০,০০০/- (পঁচানব্বই লক্ষ) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ৫৩ টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

শর্তসমূহঃ

- ১) ৫.০০ লক্ষ ও ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, গাজীপুর কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্প/প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) বৈতন্য পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ গাজীপুর এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
(জুবাইদা শামসুদ্দিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, গাজীপুর।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা (অনুমোদিত প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, গাজীপুর।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।